# বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
## পোলঘাট, বাগেরহাট।

মোবাইল : ০১৭৬৯-৪০০০১১
E-mail : bagerhatpbs@gmail.com
Website: www.pbs.bagerhat.gov.bd


স্মারক নং-২৭.১২.০১০৮.৫৩২.০২.০০৮.২৬. ২৪৪৭

তারিখ: ১০ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নোক্ত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরির নিমিত্ত নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে (স্ব-হস্তে পূরণকৃত) নিম্নোক্ত শর্ত প্রতিপালন স্বাপেক্ষে জেনারেল ম্যানেজার, বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বয়সসীমা | বেতন ও ভাতাদি | শিক্ষাগত/ প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ড্রাইভার | ০২ (দুই) টি (কম/বেশি হতে পারে) | ১০/০৫/২০২৬খ্রিঃ তারিখে প্রার্থী ১৮ হতে ৪৫ বছরের মধ্যে হতে হবে। বয়সের প্রমাণক হিসেবে জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ/পিএসসি/ জেএসসি/ এসএসসি/সমমান পরীক্ষার সনদপত্র বিবেচিত হবে। | পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত) মোতাবেক বেতন স্কেল ১৬,৬০০.০০ হতে ৪১,৯৫০.০০ টাকা এবং নিয়ম অনুযায়ী বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | (ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়াসহ ন্যূনতম ইংরেজি শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে। নির্দেশিকা, সাংকেতিক চিহ্ন বুঝা, পূর্ণ প্রতিবেদন ও সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ থাকতে হবে এবং লগ বই পূরনে সক্ষম হতে হবে।<br>(খ) প্রার্থীর বিআরটিএ হতে প্রদত্ত বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত কপি আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।<br>(গ) প্রার্থীকে যে কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/বৃহৎ শিল্প/বণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালানোসহ রক্ষণাবেক্ষণ কাজে নূন্যতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা (যা ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে গণনা করা হবে) থাকতে হবে। বিগত ০৩ (তিন) বছরে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত প্রত্যয়নপত্র থাকতে হবে।<br>(ঘ) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত , নম্র, সুস্বাস্থ্য ও সন্তোষজনক ব্যক্তিত্বের অধিকারী হতে হবে।<br>(ঙ) বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষ কর্তৃক প্রার্থীকে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় যানবাহন চালনা, ছোট ধরনের ইঞ্জিন রিপিয়ারিং, টিউনআপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে।<br>(চ) পবিস এর অনুমোদিত ডাক্তার দ্বারা প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা Dope Test রিপোর্টসহ দৃষ্টিশক্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ এবং খুলনা জেলার রূপসা উপজেলার ঘাটভোগ, নৈহাটী, টিএস বাহিরদিয়া, শ্রীফলতলা, আইচগাতী ইউনিয়ন ও তেরখাদা উপজেলার ছাগলাদহ এবং সাচিয়াদহ ইউনিয়নের স্থায়ী নাগরিকগণ ব্যতীত অন্যান্য সকল জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলিঃ**

০১। উল্লিখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণ-কে বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট (**www.pbs.bagerhat.gov.bd**) অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট (www.reb.gov.bd) হতে A-4 সাইজের কাগজে (**ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১**) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পূরণ পূর্বক **আগামী ১০/০৫/২০২৬ খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে **জেনারেল ম্যানেজার, বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, পোলঘাট, বাগেরহাট** এর ঠিকানায় প্রয়োজনীয় কাগজপত্রসহ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না। এছাড়াও সাদা কাগজে লিখিত বা টাইপকৃত আবেদন পত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) ছবির পিছনে প্রার্থীর নাম লেখা সম্বলিত ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত ফটোকপি (মার্কশিট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।
(গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।
(ঙ) জেনারেল ম্যানেজার, বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পোষ্টাল অর্ডার/পে -অর্ডার ।

} ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক নাম, পদবী সীলসহ সত্যায়িত হতে হবে।

(ছ) ১০/০৫/২০২৬ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৪৫ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
(জ) প্রার্থীর বিআরটিএ হতে প্রদত্ত বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্সের সত্যায়িত কপি আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।

০৩। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদন পত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে প্রার্থীকে বাতিল করা হবে।

০৪। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের "অন-প্রবেশনে" নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট (Dope Test রিপোর্টসহ) এবং স্বীকৃত চক্ষু বিশেষজ্ঞ এর নিকট হতে চোখের সুস্থতার সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-১৭,৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে পবিসের নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৫। বাগেরহাট পবিসের এলাকা পরিচালক/ মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/ কর্মচারীদের রক্তের কেউ অথবা তাদের স্বামী/ স্ত্রীর-দের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

০৬। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদন পত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা স্বহস্তে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ায় অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে **"প্রযোজ্য নয়"** উল্লেখ করতে হবে।

০৭। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

০৮। সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটাসহ বিদ্যমান সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি- বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১০। অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্তকৃত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।

১১। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১২। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১৩। যে কোন পদের জন্য তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৪। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে হবে। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫। উল্লিখিত শর্তাবলীতে উল্লেখ নেই এমন যেকোন বিষয়ের উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩/৪/২১

( মোঃ মাহফুজুর রহমান )
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** <u>(সদয় অবগতি এবং নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।</u>

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর জোন, বাপবিবো, ফরিদপুর।
০৫। জেলা প্রশাসক, বাগেরহাট।
০৬। পুলিশ সুপার, বাগেরহাট।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার------------------ পবিস-১/২/৩/৪।
০৮। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা- ------------------------------------ ।
১০। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, গোপালগঞ্জ।
১১। ডিজিএম, ফকিরহাট/রামপাল/চিতলমারী/ মোল্লাহাট/মোড়েলগঞ্জ জেনাল অফিস,বাপবিস।
১২। এজিএম (ওএন্ডএম) কচুয়া/রূপসা/ মোংলা/শরণখোলা সাব-জোনাল অফিস,বাপবিস ।
১৩। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/প্রশাসন),বাপবিস।
১৪। এজিএম (আইটি), বাপবিস **(বাগেরহাট পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।**
১৫। অফিস কপি/ মাস্টার কপি/নোটিশ বোর্ড।

২৩/৪/২১

( মোঃ মাহফুজুর রহমান )
জেনারেল ম্যানেজার

ফরমনং-পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিত ঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

# বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি-এর

ড্রাইভার পদে নিয়োগ লাভের জন্য আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পুরন করিতে হইবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা /আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
পোলঘাট, বাগেরহাট।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-স্মাঃ নং-২৭.১২.০১০৮.৫৩২.০২.০০৮.২৬.১৪৪৭ , তারিখ: ২৩/০৪/২০২৬ খ্রিঃ।

.................................................. ..................................................
০২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে) ০৩. পদের ধরণ

.................................................. ..................................................
০৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ০৫. প্রকাশনার তারিখ

.................................................. .................................................. ..................................................
০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ০৭. জন্ম তারিখ (পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

.................................................. ............/.........../.........(দিন/মাস/বছর)
০৮. মাতার নাম ০৯. বয়স (১০-০৫-২০২৬ খ্রিঃ তারিখে)

.................................................. ..................................................
১০. পিতার নাম ১১. ধর্ম

.................................................. ..................................................
১২. জাতীয়তা ১৩. নিজ জেলা

..................................................
১৪. টেলিফোন / মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন)

| | বিবাহিত | | অবিবাহিত |
|---|---|---|---|

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

| | | | |
|---|---|---|---|
| | **মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান** | | **শারীরিক প্রতিবন্ধী** |
| | **ক্ষুদ্র নৃ-গোষ্ঠী** | | **তৃতীয় লিঙ্গ** |

১৭. স্থায়ী ঠিকানা ঃ

.................................................. .................................................. .................................................. ..................................................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/ থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

.................................................. .................................................. .................................................. ..................................................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/ থানা ঘ. জেলা

.................................................. .................................................. ..................................................
১৯. পোষ্টাল অর্ডার/ পে-অর্ডার নম্বর ২০. পোষ্টাল অর্ডার/ পে-অর্ডার এর মূল্য ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরন করিতে হইবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ / বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/ গ্রেড | |
| ------------শ্রেণী | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হইতে হইবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে) ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষনে উত্তীর্ণ কি না (হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেই ক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করিতে এবং মূল সনদসমূহ প্রদর্শন করিতে বাধ্য থাকবো।

........................................ তারিখ

........................................ আরেদনকারীর স্বাক্ষর

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
পোলঘাট ,বাগেরহাট ।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে

লিখিত (এমসিকিউ)/ লিখিত ( রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশপত্র

**( অফিস কর্তৃক পূরনীয় )**

প্রার্থীর রোল নম্বর-----------------

পরীক্ষার তারিখ-----------------

পরীক্ষার সময়--------------------

পরীক্ষা কেন্দ্রের নাম-------------

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা------------

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর------------

**(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরনীয় )**

পদের নাম:-----------------------------------------

প্রার্থীর নাম :-----------------

পিতার নাম --------------------

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক------------------------------

--------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী।

০১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০:০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র , লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষর্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।